



# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL

203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000

Phone : 9555538, 9586727, 9565668, 9565686, 9565685, Fax : 880-2-9555236

E-mail: info@bmdc.org.bd, admin@bmdc.org.bd

Website: www.bmdc.org.bd

স্মারক নং/বিএমএডিসি/ ফেজি ২০২৩/৩.৮.০

তারিখ...২০.০৮.২০২৪

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন -২০১০ (২০১০ সালের ৬১ নং আইন) এর ধারা ১৫, ২৮, ২৯ উল্লেখযোগ্য আইনগুলি নিম্নরূপ:

১৫। নিবন্ধনযোগ্য মেডিকেল চিকিৎসা ডিপ্লোমা।- (১) বাংলাদেশে অবস্থিত বা বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন মেডিকেল প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত, ৩ (তিন) বৎসরের কম নহে এইরূপ সময়ব্যাপী, মেডিকেল চিকিৎসা-প্রশিক্ষণ সমাপ্তির পর উক্ত মেডিকেল চিকিৎসা ডিপ্লোমাদারী মেডিকেল সহকারীগণ এই আইনের অধীন কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইবার যোগ্য হইবেন।

২৮। প্রতারণামূলক প্রতিনিধিত্ব বা নিবন্ধনের দণ্ড।- (১) যদি কোন ব্যক্তি প্রতারণার আশ্রয় লইয়া ইচ্ছাকৃতভাবে নিজেকে একজন স্বীকৃত মেডিকেল চিকিৎসক বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসক হিসাবে এই আইনের অধীনে নিবন্ধন, অথবা নিবন্ধন করিবার উদ্যোগ গ্রহণ, অথবা মিথ্যা বা প্রতারণামূলক প্রতিনিধিত্ব প্রকাশ করিবার চেষ্টা করেন অথবা মৌখিক বা লিখিতভাবে উক্তরূপ ঘোষণা করেন, তাহা হইলে উক্ত ব্যক্তির অনুরূপ কার্য হইবে একটি অপরাধ, এবং তজ্জন্য তিনি ৩(তিন) বৎসর কারাদণ্ড অথবা ১ (এক) লক্ষটাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৯। ভূয়া পদবী, ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ। (১) এই আইনের অধীন নিবন্ধনকৃত কোন মেডিকেল চিকিৎসক বা ডেন্টাল চিকিৎসক এমন কোন নাম, পদবী, বিবরণ বা প্রতীক এমনভাবে ব্যবহার বা প্রকাশ করিবেন না যাহার ফলে তাহার কোন অতিরিক্ত পেশাগত যোগ্যতা আছে মর্মে কেহ মনে করিতে পারে, যদি না উহা কোন স্বীকৃত মেডিকেল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা বা স্বীকৃত ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা হইয়া থাকে। নূনতম এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রী প্রাপ্তগণ ব্যতিত অন্য কেহ ডাক্তার পদবী ব্যবহার করিতে পারিবে না।

উল্লেখ্য যে, বিএমএডিসির কোনো কর্মকর্তা এই আইনের পরিবর্তন বা পরিমার্জন করার ক্ষমতা রাখে না। শুধুমাত্র মহান জাতীয় সংসদ এই আইন পরিমার্জন বা পরিমার্জন করার ক্ষমতা রাখে।

ডা: মো: লিয়াকত হোসেন

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল